



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ডাকবাংল নং-৩২৫
ঢাকা-১০০০
বাংলাদেশ।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(রেমিট্যান্স পলিসি সেকশন)

সার্কুলার পত্র নং- এফইপিডি(রেমিট্যান্স)৪৪/২০১২-১৭

তারিখঃ ০৮-০৪-১৪১৯ বাঃ
২৩-০৭-২০১২ খ্রিঃ

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**২০১২ (১৪৩৩ হিঃ) সনে বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের জন্য সৌদি আরবে বাড়ীভাড়া, খাওয়া ও
অন্যান্য বাবদ অর্থ স্থানান্তর প্রসংগে।**

শিরোনামে বর্ণিত বিষয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর হজ্জ শাখার ০৮.০৭.২০১২ তারিখের ধবিম/হঃশাঃ/৬-১/২০০৯/৪৫৮ নং পত্রের
(কপি সংযুক্ত) প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

ক) ২০১২ (১৪৩৩ হিঃ) সনে বেসরকারী ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের জন্য সৌদি আরবে বাড়ী/হোটেল ভাড়া, খাওয়া ও
অন্যান্য খরচ (কতিপয় ক্ষেত্র ব্যতিত) বাবদ হজ্জযাত্রী প্রতি সর্বোচ্চ সৌদি রিয়াল ৬,৯০০.০০ (ছয় হাজার নয়শত) হারে এবং

খ) যে সকল হজ্জ এজেন্সী সরকার ঘোষিত সর্বনিম্ন প্যাকেজ মূল্য টাকা ৩,০৩,৪৪০/- (তিন লক্ষ তিন হাজার চারশত চল্লিশ) এর
অধিক মূল্যে হজ্জ প্যাকেজ ঘোষণা করেছে এবং ঘোষিত প্যাকেজ মূল্যে হজ্জযাত্রীর সাথে পৃথক পৃথক চুক্তি সম্পাদন করেছে এবং
চুক্তি অনুযায়ী হজ্জযাত্রীর নিকট হতে গৃহীত অর্থ হজ্জ এজেন্সীর নিজস্ব ব্যাংক হিসাবে জমা প্রদান করেছে সে সকল ক্ষেত্রে উক্ত হজ্জ
এজেন্সীর ঘোষিত হজ্জ প্যাকেজ, হজ্জযাত্রীর সাথে সম্পাদিত চুক্তি, চুক্তি অনুযায়ী সমুদয় অর্থ হজ্জ এজেন্সীর নিজস্ব ব্যাংক হিসাবে
জমা হওয়ার ব্যাংক সনদ, হজ্জ অফিসার ঢাকা ও হাব কর্তৃপক্ষকে প্রদর্শন করতঃ অনুমোদন সাপেক্ষে চুক্তিতে বর্ণিত বাড়ী ভাড়া,
খাওয়া ও অন্যান্য বাবদ আনুপাতিক পরিমাণ অর্থ হজ্জযাত্রী প্রতি সর্বোচ্চ সৌদি রিয়াল ৯,০০০.০০ (নয় হাজার) পর্যন্ত যথাযথ বিধি
বিধান অনুসরণ করে সৌদি আরবে প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া হলো।

এ সার্কুলার পত্রের বিষয়বস্তু সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(মোহাম্মদ গোলাম হায়দার)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯২।

সংযোজনী : বর্ণনা মোতাবেক (এক পাতা)।

নং-ধবিম/হঃশাঃ/৬-১/২০০৯/৪৫৮

তারিখঃ ০৮.০৭.২০১২খঃ

বিষয়ঃ ২০১২ (১৪৩৩ হি.) সনে বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের জন্য সৌদি আরবে বাড়ীভাড়া খাওয়া ও অন্যান্য বাবদ অর্থ স্থানান্তর প্রসংগে।

আদিষ্ট হয়ে ২০১২ (১৪৩৩ হি.) সনে বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের জন্য সৌদি আরবে বাড়ীভাড়া, খাওয়া ও অন্যান্য বাবদ নিম্নোক্তভাবে অর্থ স্থানান্তরে অনুমোদন প্রদান করা হ'ল:

(ক) ২০১২(১৪৩৩ হি.) সনে বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজ্জযাত্রীদের জন্য সৌদি আরবে বাড়ী/হোটেল ভাড়া, খাওয়া ও অন্যান্য খরচ বাবদ কতিপয় ক্ষেত্র ব্যতিত হজ্জযাত্রী প্রতি সর্বোচ্চ ৬,৯০০ (ছয় হাজার নয়শত) সৌদি রিয়াল হারে অর্থ যথাযথ বিধি বিধান অনুসরণ করে ব্যাংকিং চ্যানেলে সংশ্লিষ্ট ব্যাংক ও হজ্জ এজেন্সীগুলো সৌদি আরবে স্থানান্তর করতে পারবে।

(খ) যে সকল হজ্জ এজেন্সী সরকার ঘোষিত সর্বনিম্ন প্যাকেজ মূল্য ৩,০৩,৪৪০/- (তিন লক্ষ তিন হাজার চারশত চল্লিশ) টাকার অধিক মূল্যে হজ্জ প্যাকেজ ঘোষণা করেছে এবং ঘোষিত হজ্জ প্যাকেজ মূল্যে হজ্জযাত্রীর সাথে পৃথক পৃথক চুক্তি সম্পাদন করেছে এবং চুক্তি অনুযায়ী হজ্জযাত্রীর নিকট হতে গৃহীত অর্থ হজ্জ এজেন্সীর নিজস্ব ব্যাংক হিসাবে জমা প্রদান করেছে সে সকল ক্ষেত্রে উক্ত হজ্জ এজেন্সীর ঘোষিত হজ্জ প্যাকেজ, হজ্জযাত্রীর সাথে সম্পাদিত চুক্তি/চুক্তি অনুযায়ী সমুদয় অর্থ হজ্জ এজেন্সীর নিজস্ব ব্যাংক হিসাবে জমা হওয়ার ব্যাংক সনদ, হজ্জ অফিসার ঢাকা ও হাব কর্তৃপক্ষকে প্রদর্শন করতঃ অনুমোদন সাপেক্ষে চুক্তিতে বর্ণিত বাড়ী ভাড়া, খাওয়া ও অন্যান্য বাবদ আনুপাতিক পরিমাণ অর্থ হজ্জযাত্রী প্রতি সর্বোচ্চ ৯,০০০.০০ (নয় হাজার) সৌদি রিয়াল পর্যন্ত যথাযথ বিধি বিধান অনুসরণ করে ব্যাংকিং চ্যানেলে সংশ্লিষ্ট ব্যাংক ও হজ্জ এজেন্সীগুলো সৌদি আরবে স্থানান্তর করতে পারবে।

(মোঃ জাহাঙ্গীর আলম)
উপসচিব (হজ্জ)
ফোনঃ ৭১৬৩৬৭৮।

বিতরণ:

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
২. জনাব মোঃ বজলুল হক বিশ্বাস, অতিরিক্ত সচিব (হজ্জ অফিসার), হজ্জ অফিস, আশকোনা, উত্তরা, ঢাকা।
৩. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লি., প্রধান কার্যালয়, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, ব্যাংক লি., ঢাকা।
৫. মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক, স্থানীয় কার্যালয় শাখা, ঢাকা।
৬. সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, হোটেল ভিক্টোরী (৪র্থ তলা), ঢাকা।

অনুলিপিঃ

- ১। কাউন্সেলর(হজ্জ), বাংলাদেশ হজ্জ মিশন মক্কা-আল-মোকাররমা, সৌদি আরব।
- ২। প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।